	কমিউনিটি ক্লিনিক	০২	জিগাবাড়ী, ডাকাতিয়া		পরিবার কল্যাণ কেন্দ্র আছে। এখানে পরিকার পরিকল্পনা বিষয়ক সেবা কার্য প্রদান করা হয়। প্রতিটি কমিউনিটি ক্লিনিকে বিভিন্ন রোগের প্রাথমিক চিকিৎসা, এবং বিনা মুল্যে ঔসধ বিতরন, EPI প্রগ্রাম.(অর্থাৎ বিনা মুল্যে টিকা প্রদান) চালু আছে। এখান থেকে রোগীদের উপজেলা **স্বাস্থ্য** কমপ্লেক্সে রেফার করা হয়।
ফজলুপুর	উপজেলা **স্বাস্থ্য** কমপ্লেক্স	-			
	ইউনিয়ন **উপ-স্বাস্থ্য** কেন্দ্র	-			
	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র	১	পঃ খাটিয়ামারি		
	কমিউনিটি ক্লিনিক	০২	পশ্চিম ও দক্ষিণ খাটিয়ামারি		

ব্যাংক ঃ

ক্রমিক নং	ইউনিয়ন	কয়টি	কোথায়	সার্ভিস সম্পর্কে বর্ননা
০১	কঞ্চিবাড়ী	-	-	অর্থ লেন-দেন এর কাজ হয়ে থাকে। অর্থ জমা ও ঋণ প্রদান হয়। টিটি, ডিডি ও পে-অর্ডার এবং সোনালী ব্যাংকের অন লাইন সার্ভিস সুবিধা আছে। এফডিআর, এমডিএস ও ডিপিএস সার্ভিস সুবিধাও আছে। এই উপজেলায় সোনালী, গ্রামীন,অগ্রনী, জনতা ও কৃষি ব্যাংক তাদের সার্ভিস প্রদান করে। গজারিয়া ইউনিয়নে অগ্রণী ব্যাংক সার্ভিস প্রদান করে। দূযোগকালীন সময়ে এসব ব্যাংক খোলা থাকে।
০২	**উড়িয়া**	-	-	
০৩	**উদাখালী**	০৪	কালিরবাজার	
০৪	**গজারিয়া**	০১	ফুলছরি বাজার	
০৫	**ফুলছড়ি**	-	-	
০৬	**এরেন্ডাবাড়ী**	-	-	
০৭	**ফজলুপুর**	-	-	

পোষ্ট-অফিস ঃ

ক্রমিক নং	ইউনিয়ন	কয়টি	কোথায়	সার্ভিস সম্পর্কে বর্ননা
০১	কঞ্চিপাড়া	০১	সমিতির বাজার	ইউনিয়ন পর্যায়ে যেসকল সাব পোস্ট অফিস আসে তারা চিঠি-পত্র আদান প্রদান হয়। রেভিনিউ স্টাম্প বিক্রি করে। কোন স্থানে টাকা পাঠাতে চাইলে টাকা পাঠানো যায়। কিন্তু টাকা উত্তোলনের কাজ উপজেলা সদর পোষ্ট-অফিস থেকে করতে হয়। কেবল মাত্র উপজেলা সদর পোষ্ট-অফিসে সঞ্চয়-এর বিভিন্ন স্কিম কার্যক্রম আছে এবং বিভিন্ন দ্রব্য-সামগ্রী সাপসেল সুবিধা আছে।
০২	**উড়িয়া**	০১	গুনভরি বাজার	
০৩	**উদাখালী**	০১	কালিতলা	
০৪	**গজারিয়া**		গজারিয়া ফুলছরি বাজার	
০৫	**ফুলছড়ি**	০১	টেংরাকান্দি বাজার	
০৬	**এরেন্ডাবাড়ী**	০১	এরেন্ডাবাড়ী বাজার	
০৭	**ফজলুপুর**	০১	খাটিয়ামারী বাজার	

ক্লাব ঃ

ক্রঃনং	ইউনিয়ন	কয়টি	কোথায়	সমাজ সেবা বা উন্নয়নমূলক কাজে সহায়তা করে কিনা ইত্যাদি
০১	কঞ্চিপাড়া	০২	সমিতির বাজার, কঞ্চিপাড়া বাজার	ক্লাব গুলো বিভিন্ন সময় যেমন শিতের সময় শীত বস্তও বিতরন করে থাকে, বন্যার সময় সেচ্ছাসেবকের কাজ করে ।
০২	উড়িয়া	-	-	
০৩	উদাখালী	০৩	কালির বাজার-২, উদাখালী বাজার	
০৪	গজারিয়া	০১	ফুলছড়ি বাজার	
০৫	ফুলছড়ি	-	-	
০৬	এরেন্ডাবাড়ী	-	-	-
০৭	ফজলুপুর	০১	খাটিয়ামারি বাজার	না

এনজিও / সেচ্ছাসেবী সংস্থা ঃ

ক্রঃনং	ইউনিয়ন	এনজিও	কি বিষয়ে কাজ করে	উপকার ভোগীর সংখ্যা	প্রকল্প গুলোর মেয়াদ
০১	কঞ্চিপাড়া	এস,কে,এস,	ঋণ কর্মসূচী, **স্বাস্থ্য** সেবা, শিক্ষা ইত্যাদি	৪৫২০	চলমান
		আশা	ঋণ কর্মসূচী,	১৪৫০	চলমান
০২	**উড়িয়া**	-			
০৩	**উদাখালী**	আশা	ঋণ কর্মসূচী, **স্বাস্থ্য** সেবা, শিক্ষা ইত্যাদি	৬৮৭৫	২ বছর ও ৫ বছর

		ব্রাক	ঋণ কর্মসূচী, **স্বাস্থ্য** সেবা, শিক্ষা ইত্যাদি	৫৬৮০	চলমান
		ঠেঙ্গামারা	ঋণ কর্মসূচী, **স্বাস্থ্য** সেবা, শিক্ষা ইত্যাদি	৪৯৮০	চলমান
		এস,কে,এস	ঋণ কর্মসূচী, **স্বাস্থ্য** সেবা, শিক্ষা ইত্যাদি	৬৫৮৭	চলমান
০৪	**গজারিয়া**	-	-	-	-
০৫	**ফুলছরি**	এস,কে,এস	ঋণ কর্মসূচী, **স্বাস্থ্য** সেবা, শিক্ষা ইত্যাদি	১৪২৩	চলমান
০৬	**এরেন্ডাবাড়ী**	-	-	-	-
০৭	**ফজলুপুর**	এস,কে,এস,	ঋণ কর্মসূচী, **স্বাস্থ্য** সেবা, শিক্ষা , সি,এল,পি,	২৮১৬	৩ বছর
		জি,ইউ,কে	ঋণ কর্মসূচী, **স্বাস্থ্য** সেবা, শিক্ষা ইত্যাদি	২৫৮০	চলমান

খেলার মাঠঃ

ক্রঃ	ইউনিয়ন	কয়টি	কোথায়	দূর্যোগের সময় কোন কাজে লাগে কিনা, কিভাবে ইত্যাদি
০১	কঞ্চিপাড়া	০১	একাডেমী স্কুল মাঠ	হ্যাঁ -দূর্যোগের সময় ত্রাণ বিতরণের কার্যক্রম পরিচালিত হয়।
০২	উড়িয়া			
০৩	উদাখালী	০১	উদাখালী উচ্চ বিদ্যালয় মাঠ	
০৪	গজারিয়া	০১	পাইলট স্কুল মাঠ	
০৫	ফুলছরি	-		
০৬	এরেন্ডাবাড়ী	-		
০৭	ফজলুপুর	-		
	মোট	৩		

কবর স্থান/শশ্মানঃ

ক্রঃ	ইউনিয়নের নাম	সংখ্যা	কোথায় অবস্থিত	কবর স্থানের নাম	বন্যা লেভেরের উপরে কিনা
১	কঞ্চিপাড়া	১৬ টি **কবর স্থান**	১নং ওয়ার্ড -১৫, ঘোলদহ-১	পূর্ব মদনেরপাড়া কবর স্থান, দক্ষিণ মদনেরপাড়া কবর স্থান, মদনের পাড়া কবর স্থান, দক্ষিণ হোসেনপুর কবর স্থান, কঞ্চিপাড়া কবর স্থান, পূর্ব কঞ্চিপাড়া কবর স্থান, কাইয়ার হাট কবর স্থান, মধ্য কঞ্চিপাড়া কবর স্থান, মণ্ডল পাড়া কবর স্থান, ছাতার কান্দি কবর স্থান, বালাসী রোড কবর স্থান, পাকা রাস্তা উত্তর পার্শ্বে কবর স্থান, ভাষারপাড়া চেয়ারম্যান এর বাড়ী কবর স্থান, সৈয়দপুর কবর স্থান, রসুলপুর কবর স্থান, ঘোলদহ কবর স্থান ।	
২	উড়িয়া	১১ টি **কবর স্থান**	দাড়িয়ার ভিটা-১, উড়িয়া-২, ভথষির ভিটা-১, নাটিভাঙ্গা-১, রতনপুর-১, গুনছরি-১, মশামারি-১, কালাসোন-১, কাবিলপুর-১ এবং অণ্রান্য স্থানে	দাড়িয়ার ভিটা কবরস্থান, দারুস সালাম মাদ্রাসার কবরস্থান, উত্তর উড়িয়া কবরস্থান, ভূষির ভিটা কবরস্থান, সাত মাথা মসজিদের কবরস্থান, নাটিভাঙ্গা কবরস্থান, রতনপুর কবরস্থান, গুনছরি কবরস্থান, কাবিলপুর কবরস্থান, মশামারী কবরস্থান, কালাসোনা কবরস্থান, মধ্য উড়িয়া কবরস্থান।	
৩	উদাখালী	১৭ টি কবর কবর স্থান আছে।	দক্ষিন উদা খালী-১, পশ্চিম ছালুয়া-১, পুকুরিয়া-১ , চর কৃষ্ণমনির-১, খাটিয়ামারী-১৩,	দক্ষিন উদা খালী , পশ্চিম ছালুয়া, পুকুরিয়া,চর কৃষ্ণমনির আশরাফ আলীর বাড়ির কবর স্থান, জালাল মুন্সীর বাড়ির সামনে , পশ্চিম খাটিয়া মারি , পশ্চিম খাটিয়ামারী, মধ্য খাটিয়া মারী বীর মুক্তি জোদ্ধা, মধ্য খাটিযা মারী মেম্বর পাড়া, মধ্য খাটিয়া মারী , খাটিয়ামারী মৌজার ছাইফুল ইসলামের বাড়ীর পাশ্বে, আজিমুদ্দি মোল্লার বাড়ী, পুর্ব কখাটিয়ামারী মৌজার আছমত আলীর বাড়ী, পুব খাটিয়ামারী মৌজার আছমত আলীর বাড়ী, পুর্ব খাটিয়া মারী মৌজার মজিত প্রামানিকের বাড়ী, দক্ষিন খাটিয়ামারী রহমানের বাড়ির সামনে, শিতল মোল্লার বাড়ির পাশ্বে , কাউয়াবাধা কবর স্থান।	

৪	গজারিয়া	৮ টি **কবর স্থান**	গজারিয়া-১, গলনা-২, কাতলামারী-৪, কাজির ভিটা-১ ও অন্যান্য স্থানে	গজারিয়া শহীদ মিনার কবরস্থান,গলনা কবরস্থান, পূর্ব গলনা কবরস্থান, কাতলামারী কবরস্থান-২, কাতলামারী কবরস্থান-৩, কাতলামারী কবরস্থান-৪, কাতলামারী কাজির ভিটা কবরস্থান, কাজীর ভিটা কাজির ভিটা কবরস্থান।	....
৫	ফুলছড়ি	১৮ টি **কবর স্থান**	গাবগাছি-২ ও অন্যান্য স্থানে।	নাদের আলীর বাড়ীর সামনে কবরস্থান, এম. এ সুবুরের বাড়ী জামে মসজিদের সামনে কবরস্থান, পূর্ব ফুলছড়ি কবরস্থান, ফুলছড়ি মৌজার মফিজলের বাড়ীর জামে মসজিদের সামনে কবরস্থান, আবেদ আলী বাড়ীর সামনে কবরস্থান, মোবারক আলীর বাড়ীর সামনে কবরস্থান, আবুল শেখের বাড়ীল সামনে কবরস্থান, হাবিবুর এর বাড়ীর সামনে কবরস্থান, জিন্নাত হাজীর বাড়ীর সামানে কবরস্থান, ময়নালের বাড়ীর সামনে কবরস্থান, নাল মিয়ার বাড়ীর সামনে কবরস্থান, বৈশাখুর বাড়ীর বাড়ীর সামনে কবরস্থান, আইয়ুব আলী বাড়ীর সামনে কবরস্থান, সাহাব উদ্দিনের বাড়ীর সামনে কবরস্থান, পূর্ব গাবগাছি কবরস্থান, গাবগাছি কবরস্থান, পশ্চিম গাবগাছি কবরস্থান, ঝপঝপিয়া কবরস্থান।	....
৬	এরেন্ডাবাড়ী	১০ টি **কবর স্থান**	ভুইয়া বাড়ী,-১, জিগাবাড়ী-১, আলগারচর-১, ভাটিয়া পারা-১, হরিচন্ডি পাড়া-১, স্বণকার পাড়া-১, করিম সরকারের বাড়ী-১, মালেক চেয়ারম্যানের বাড়ী-১, হাজী বাড়ী-১, রমজানের বাড়ী -১	ভুইয়া বাড়ী, জিগাবাড়ী, আলগারচর, ভাটিয়া পারা, হরিচন্ডি পাড়া, স্বণকার পাড়া, করিম সরকারের বাড়ী, মালেক চেয়ারম্যানের বাড়ী, হাজী বাড়ী, রমজানের বাড়ী কবর স্থান	
৭	ফজলুপুর	১৪ টি **কবর স্থান**	কৃষ্ণমণি-১, খাটিয়ামারী-১০, কাইয়াবাঁধা-১,	চর কৃষ্ণমণি আশরাফ আলীর বাড়ী পার্শ্বে কবরস্থান, জালাল মুন্সীর বাড়ী কবরস্থান, পশ্চিম খাটিয়ামারী কবরস্থান, পশ্চিম খাটিয়ামারী গোলাপের বাড়ীর সামনে কবরস্থান, মধ্য খাটিয়ামারী মুক্তিযোদ্ধাপাড়া কবরস্থান, মধ্য খাটিয়ামারী মেম্বর পাড়া কবরস্থান, মধ্য খাটিয়ামারী কবরস্থান, খাটিয়ামারী মৌজার ছাইফহল ইসলামের বাড়ীর পার্শ্বে কবরস্থান, খাটিয়ামারী মৌজার আজিম উদ্দিন মোল্লার বাড়ী কবরস্থান, পূর্ব খাটিয়ামারী আছমত আলীর বাড়ী সামনে কবরস্থান, পূর্ব খাটিয়ামারী মৌজার মজিদ প্রামানিকের বাড়ীর সামনে কবরস্থান, দক্ষিণ খাটিয়ামারী রহমানের সামনে কবরস্থান, শিতল মেম্বরের বাড়ী পার্শ্বে কবরস্থান, কাইয়াবাঁধা কবরস্থান,	....

যোগাযোগ ও পরিবহনের মাধ্যমঃ

উপজেলা হইতে জেলা যানবাহ যেমন, সি, এন,জি, অটো রিক্সা, এবং এই উপজেলার ইউনিয়ন গুলোতে বাহন হচ্ছে রিক্সা, ভ্যান, সি,এন,জি, অটো, কাঠবডি।

যানবাহনের ব্যবস্থা ঃ

এরেন্ডাবাড়ী ঃ ভ্যান-১৫ টি, ঘোড়ার গাড়ি ০৭ টি, নৌকা ১০ টি, মোট ৩৮ টি।
ফজলুপুর ঃ ভ্যান-৫টি, ঘোড়ার গাড়ি ৫টি, নৌকা ৬টি, মোট ১৬ টি।
ফুলছড়ি ঃ ভ্যান-১০টি, ঘোড়ার গাড়ি ৬ টি, নৌকা ১০টি, মোট ২৬ টি।
উদাখালী ঃ ভ্যান-৫০ টি, কাঠবডি (স্যালোমেশিন চালিত) ৪০টি, অটোরিক্সা ৩৫টি, সি,এন,জি ০৮টি, মোট ১৩৩ টি।
উড়িয়া ঃ ভ্যান-২০টি কাঠবডি (স্যালোমেশিন চালিত) ১৫টি, অটোরিক্সা ৫টি, নৌকা ০৩টি, মোট ৪৩ টি।
কঞ্চিপাড়া ঃ ভ্যান-৪৫ টি, কাঠবডি (স্যালোমেশিন চালিত) ২০টি, অটোরিক্সা ২০টি, মোট ৮৫ টি।
গজারিয়া ঃ ভ্যান-৪৮ টি কাঠবডি (স্যালোমেশিন চালিত)-১০ টি, অটোরিক্সা ঃ ১৫, নৌকা-০৫ টি মোট ঃ ৭৮ টি।

তথ্য প্রদানকারী ঃ ইউপি সচিব গজারিয়া ঃ ০১৭১৩৭১০৪০৬, ইউপি সচিব উড়িয়া ঃ ০১৭৪০২৬৮২৫৪, ইউপি সচিব ফজলুপুর ঃ ০১৭২০১৫৫৮৩৩

বন ও বনায়ন

ফুলছড়ি উপজেলায় উল্যেখ যোগ্য কোন বন নাই ।

১.৪.৩ আবহাওয়া ও জলবায়ু

বৃষ্টিপাতের ধারা

সচরাচর স্বাভাবিক বৃষ্টিপাত হয়। বর্ষা মৌসুমে বৃষ্টিপাত একটু বেশী হয়, গ্রীষ্ম মৌসুমে মাঝে মাঝে বৃষ্টিপাত, কাল-বৈশাখি ঝড় ও ঘুর্নিঝড় হয় আবার মাঝে মাঝে শীলাবৃষ্টি হয় শীত মৌসুমে বৃষ্টিপাত হয়না বললেই চলে। কখনও কখনও বসন্ত কালে বৃষ্টিপাত একেবারেই হয়না এতে খরার সৃষ্টি হয় নদী-নালা, খাল-বিল ও পুকুর ডোবা শুকিয়ে যায় তখন কৃষি কাজ ব্যহত হয় এবং ফসল ও গাছপালার প্রচুর ক্ষতি হয়। **কিন্তু এ পরিবর্তনের ধারা জলবায়ু পরিবর্তনের ইঙ্গিত বহন করে কিনা সে বিষয়ে আরও গবেষণার প্রয়োজন রয়েছে। বৃষ্টিপাতের ধারা পরিবর্তন হওয়ায় মৌসুমী বৃষ্টিপাতের সময় পিছিয়ে যাচ্ছে, ফলে কৃষি ব্যবস্থার কিছুটা পরিবর্তন হয়েছে, উৎপাদন ব্যয় বেশি হচ্ছে এবং উৎপাদনও কম হচ্ছে। সেইসাথে ফসলে রোগবালাই ও পোকার আক্রমণ বেশি হচ্ছে। অসময়ে বৃষ্টিপাত বেশি লক্ষ্য করা যাচ্ছে। আশ্বিন-অগ্রাহায়ন পর্যন্ত প্রচুর বৃষ্টি হয় যার ফলে জলাবদ্ধতার সৃষ্টি হয়। তাছাড়া শীতমৌসুমেও প্রচুর বৃষ্টিপাত হয় যার ফলে ফসলের চাষাবাদ ব্যাহত হয় এবং মানুষের জীবন-জীবিকার উপর বিরাট নেতিবাচক প্রভব পড়ে।**

তাপমাত্রা:

গ্রীষ্ম, বর্ষা, শরৎ ও হেমমন্ত এই মৌসুমে সর্বোচ্চ তাপমাত্রা থাকে সাধারনত ৩৪°-৩৬° ডিগ্রি এবং সর্বনিম্ন তাপমাত্রা থাকে ২৪°-২৫° ডিগ্রি পর্যন্ত আর শীত ও বসন্ত এই মৌসুমে সর্বোচ্চ তাপমাত্রা থাকে সাধারনত ২৮°-৩০° ডিগ্রি এবং সর্বনিম্ন তাপমাত্রা থাকে ৮°-১০° ডিগ্রি পর্যন্ত। তাপমাত্রা আগের তুলনায় কিছুটা বৃদ্ধি পেয়েছে আবার শীত মৌসুমে তাপমাত্রা মাঝে মাঝে- ৪°-৫° ডিগ্রিতে নেমে যায় এবং শৈত্য প্রবাহ শুরু হয় এতে মানুষ, গৃহপালিত পশু যেমন গরু ছাগল মারা যায় ও ফসলের ক্ষতি হয়।

ভূ-গর্ভস্থ পানির সস্মর:

ফুলছড়ি উপজেলার প্রত্যেকটি ইউনিয়নে পানির স্তর এক নয় কোথাও ২০-৩০ ফুট নীচে পানি পাওয়া যায় আবার কোথাও ২৫-৩০ ফুট নীচে পানির স্তর। খুব বড় ধরনের কোন পরিবর্তন লক্ষ করা যায় নাই কারন আগেও পানির স্তর ছিল কোথাও ২০-২৫ ফুট নীচে পানি আবার কোথাও ৩০-৩৫ ফুট নীচে পানির স্তর, কিন্তু শুষ্ক মৌসুমে খাবার পানির স্তর স্থান বেধে কোথাও ৩৫-৪০ ফুট নীচে আবার কোথাও ৪০-৪৫ ফুট নীচে চলে যায় । তখন শ্যালো মেশিন ও নলকূপে পানি কম উঠে । অনেক ক্ষেত্রে কিছু কিছু নলকূপে পানিই উঠে না । এতে করে শুষ্ক মৌসুমে সেচের পানি ও খাবার পানির তীব্র সংকট হয় এবং এই এলাকার মানুষের খাবার পানি ও রান্নাবারর পানির খুব কষ্ট হয়।

১.৪.৪ অন্যান্য ঃ

ভূমি ও ভহমির ব্যবহারঃ

ফুলছড়ি **উপজেলায়** ৫৬১১২ **একর জমি আছে। এর মধ্যে আবাদী জমির পরিমান** ২৬১৬১ **একর। অনাবাদী জমির পরিমান** ৩৯৫১ **একর। এক ফসলী জমির পরিমান** ১২৩০৬ **একর । দুই ফসলী জমির পরিমান** ১২০৭৭ **একর , তিন ফসলী জমির পরিমান** ১৭৭৮ **একর এবং মোট বসতি জমির পরিমান গড়** ১৪ **শতাংশ।**

ক্রঃ	উপজেলার নাম	মোট জমির পরিমাণ	আবাদী	অনাবাদী	এক ফসলী	দুই ফসলী	তিন ফসলী	চার ফসলী	বসতি এলাকার কত অংশী
১	কঞ্চিপাড়া	৪৮৭৯ একর	৪১২১	৭৫৮ একর	১৭০০	১৬৫৭	৭৬৪	-	১৬%
২	উড়িয়া	৩৮৯৬ একর	৩২৪৭	৬৪৯ একর	১৫২৫	১৫৭২	১৫০	-	১৭%
৩	উদাখালী	৪২৭৬ একর	৩৭৬৩	৫১৩ একর	২১৫৯	১৪১৩	১৯১	-	১২%
৪	গজারিয়া	৪১৩২ একর	৩৬১৬	৫১৬ একর	২৩৬৯	১০৭৬	১৭১	-	১৩%
৫	ফুলছড়ি	৪৩৫১ একর	৩৮১৯	৫৩২ একর	১৪৫৪	২২১৯	১৪৬	-	১২%
৬	এরেন্ডাবাড়ী	৪৪৫৩ একর	৩৯১৪	৫৩৯ একর	১৫১২	২২১৯	১৮৩	-	১৩%
৭	ফজলুপূর	৪১২৫ একর	৩৬৮১	৪৪৪ একর	১৫৮৭	১৯২১	১৭৩	-	১১%
	মোট	**৫৬১১২**	**২৬১৬১**	**৩৯৫১**	**১২৩০৬**	**১২০৭৭**	**১৭৭৮**		

কৃষি ও খাদ্য ০ঃ

ক্রমিক নং	ইউনিয়নের নাম	প্রধান প্রধান ফসল	উৎপাদনের পরিমাণ	ক্ষয়-ক্ষতির তথ্য	প্রধান খাদ্যসমূহ	খাদ্যাভাস ইত্যাদি
১	কঞ্চিপাড়া	ধান, পাট, গম	৭৬৩২ মেঃ টন	নাই	ধান, গম, ভুট্রা	ভাত, মাছ, ডাল, সবজি,ভথট্টা, আলু, রুটি ইত্যাদি
২	উড়িয়া	ধান, পাট, গম, ভুট্রা	৮৬৫৮ মেঃ টন	নাই	ধান, গম, ভুট্রা	
৩	উদাখালী	ধান, পাট, গম, ভুট্রা	৯৫০২ মেঃ টন	নাই	ধান, গম, ভুট্রা	
৪	গজারিয়া	ধান, পাট, গম, ভুট্রা	৮০৩৫ মেঃ টন	নাই	ধান, গম, ভুট্রা	
৫	ফুলছড়ি	ধান, পাট, গম, ভুট্রা	৮৪৮৬ মেঃ টন	নাই	ধান, গম, ভুট্রা	
৬	এরেন্ডাবাড়ী	ধান, পাট, মরিচ, ভুট্রা	৮৬৯৮ মেঃ টন	নাই	ধান, গম, ভুট্রা	
৭	ফজলুপূর	ধান, পাট, মরিচ, ভুট্রা	৮১৮০ মেঃ টন	নাই	ধান, গম, ভুট্রা	
	মোট		৬৯১৯১ **মেঃ টন**			

নদী ০ঃ

ক্রঃ	উপজেলার নাম	কয়টি	উপকার	অপকার	সংক্ষিপ্ত বর্ননা ইত্যাদি
১	কঞ্চিপাড়া	০১	নদীতে মাছ ধরে জেলেরা জীবিকা নির্বাহ করে। **নৈপথে যাতায়াত বিশেষ করে পণ্য বহন করা অনেক সাশ্রয়ী হয়, চাষাবাদে নদীর পানি ব্যাবহরি করা হয়।**	অতিরিক্ত বন্যায় নদীতে পানি বেশি হলে নদীভাংগন, ফসল তলিয়ে যায়, মানুষের দৈনিন্দ জীবন যাত্রার **ব্যাহত** হয়, অনেক পরিবার গৃহহীন হয়ে পরে ।	বর্ষার সময় নদীতে পানি বৃদ্ধির ফলে আশে পাশের এলাকা প্লাবিত হয়। নদী ভাংগনের সৃষ্টি হয় এবং শুকনা মৌসুমে নদীতে নৌকা চলা চল না করায় চর এলাকার মানুষের যাতায়াত সমস্যা সৃষ্টি হয়। সেচ ব্যবস্থা সহ ফসলী জমির ক্ষতি সাধিত হয়।
২	উড়িয়া	০১	ঐ		
৩	উদাখালী	০১	ঐ		
৪	গজারিয়া	০১	ঐ		
৫	ফুলছড়ি	০১	ঐ		
৬	এরেন্ডাবাড়ী	০১	ঐ		
৭	ফজলুপূর	০১	ঐ		

পুকুর ০ঃ

ক্রমিক নং	ইউনিয়নের নাম	কয়টি	ব্যবহার (কি কি কাজে)	উপকারীতা	সংক্ষিপ্ত বর্ননা ইত্যাদি
১	কঞ্চিপাড়া	**২৫৩**	মৎস চাষ , খরা মৌসুমে সেচের ও গোসলের কাজে পুকুরের পানি ব্যবহার করা হয়।	পুকুরে মৎস চাষ করে আর্থিক লাভবান করা হয়।	**৯০ শতাংশ পুকুরে মাছ চাষ করা হয় এবং গ্রীষ্ম কালে পুকুরের পানি নিচের স্তরে নেমে যায় ফলে মাছ চাষের অনুপযোগী হয়ে পড়ে।**
২	উড়িয়া	**৮৫**			
৩	উদাখালী	**৩১২**			
৪	গজারিয়া	**১৩২**			
৫	ফুলছড়ি	**১০**			
৬	এরেন্ডাবাড়ী	**২৫**			
৭	ফজলুপূর	**৮**			
		৮২৫			

খাল ০ঃ

ক্রমিক নং	ইউনিয়নের নাম	কয়টি	উপকার	অপকার	সংক্ষিপ্ত বর্ননা ইত্যাদি
১	কঞ্চিপাড়া	-			বর্ষা মৌসুমে এবং বন্যার সময় খাল গুলতে অতিরিক্ত পলি মাটি জমা হয়ে প্রায় সমতল
২	উড়িয়া	-			

৩	উদাখালী	০১	খালের পানি সেচ ব্যবস্থার কাজে ব্যবহার করা হয়।	নদীতে পানি বেশি হলে খালের মধ্যে পানি প্রবেশ করে ফলে অনেকটা ফসলের ক্ষতি হয়।	ভূমিতে পরিনিত হওয়ার অবস্থা । তাই খরা মৌসূমে খাল গুলতে পানি থাকেনা বল্লেই চলে । খাল গুলে তে পানি থাকা অবস্থায় মানুষ খাল হইতে জমিতে পানি সেচ, মৎস আহরন করে । এমত অবস্থায় সরকারী ভাবে পদক্ষেপ নিয়ে খাল গুলো খনন করা দরকার।
৪	গজারিয়া	-			
৫	ফুলছুড়ি	-			
৬	এরেন্ডাবাড়ী	-			
৭	ফজলুপূর	-			
	মোট	০১			

বিল ঃ

ক্রমিক নং	ইউনিয়নের নাম	কয়টি	ব্যবহার	উপকারীতা	সংক্ষিপ্ত বর্ননা ইত্যাদি
১	কঞ্চিপাড়া	০৫	মৎস চাষ, সেচ কাজে ব্যবহার করা হয়।	জেলেরা মাছ ধরে জীবিকা নির্বাহ করে এবং বিলের পানি সেচ কাজে ফসলের উপকারিতা হয়।	বিল গুলো খনন করা প্রয়োজন। বিলের পানি সেচ কাজে ব্যবহার হয় ।বিভিন্ন এলাকায় খরা মৌসূমে পানি না থাকায় কৃষকরা বিলের মাঝে পুকুর খনন করে পানি সংরক্ষন করে এবং মাছ চাষ করে।
২	উড়িয়া	০২			
৩	উদাখালী	০৬			
৪	গজারিয়া	০৩			
৫	ফুলছুড়ি	-			
৬	এরেন্ডাবাড়ী	-			
৭	ফজলুপূর	-			
	মোট	**১৬**			

দ্বিতীয় অধ্যায়: দুর্যোগ আপদ এবং বিপদাপন্নতা

২.১ দুর্যোগের সার্বিক ইতিহাসঃ

গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলাটি খুব বেশী ঝুকিপ্রবন এলাকা নয় তবে প্রতিবছর কোন না কোন প্রাকৃতিক দুর্যোগের সন্মুখিন হয়। বন্যা, নদী ভাঙ্গন, খরা, কাল বৈশাখী ঝড়, শৈত্য প্রাবাহ, সহ বিভিন্ন আপদে মানুষের স্বাভাবিক জিবন যাত্রা বিপন্ন এবং সম্পদের ব্যপক ক্ষতি সাধন হয়। ফুলছড়ি উপজেলা দিয়ে বয়ে যাওয়া নদীগুলোর নব্যতা কমে যাওয়ায় বন্যা মৌসুমে নদীর দুকুল ভাসিয়ে শহর সহ উপজেলার ব্যপক এলাকা প্লাবিত হয় তাছাড়া ড্রেনেজ ব্যবস্থা ভাল না থাকায় বর্ষা মৌসুমে অতি বৃষ্টির ফলে উপজেলার নিমণ এলাকার বসতবাড়ীতে জলাবদ্ধতার সৃষ্টি করে। যা প্রায় একমাস স্থায়ী থাকে । নদী ভরাট দিন দিন প্রকট হওয়ায় এ এলাকায় বন্যা ও জলাবদ্ধতার মাত্রা বৃদ্ধি পাচ্ছে ।

ফুলছড়ি উপজেলার প্রধান আপদ বন্যা, নদী ভাঙ্গন , খরা, কাল বৈশাখি ঝড়, শৈত্যপ্রবাহ , ইত্যাদি। বন্যা আষাঢ়, শ্রাবন, ভাদ্র ও আশ্বিন মাসে ঘটে, অতিবৃষ্টি ও প্রাকৃতিক কারনে বন্যা হয়। নদী ভাঙ্গন, আষাঢ়, শ্রাবন, ও ভাদ্র মাসে ঘটে। কাল বৈশাখি ঝড় বৈশাখ-জৈষ্ঠ মাসে হয় এবং শৈত্যপ্রবাহ পৌষ-মাঘ মাসে হয় এবং খরা ফাল্গুন, চৈত্র ও বৈশাখ মাসে হয়। অতীতে বন্যার পানির উচ্চতা ৬-৮ ফুট হয়েছিল। ৫-৮ দিনের মধ্যে পুরো এলাকা প্লাবিত হয়ে গিয়েছিল। বন্যার পানি ২৫-৩০ দিন স্থায়ী হয়েছিল।বন্যার পানি ও কাল বৈশাখিঝড় সাধারনত দক্ষিন-পশ্চিম ও পূর্ব উত্তর কোন হতে প্রবাহিত হয়েছিল।

১৯৮৮ সালের বন্যায় ক্ষতি হয় প্রায় ৯৫ লক্ষ টাকা, নদী ভাঙ্গনে ক্ষতি হয় প্রায় ৮৯ লক্ষ টাকা, ২০১১ সালের কাল বৈশাখি ঝড়ে ক্ষতি হয় প্রায় ২৫ লক্ষ ও খরায় ক্ষতি হয় প্রায় ১৪ লক্ষ টাকা শৈত্যপ্রবাহে ক্ষতি হয় প্রায় ৫ লক্ষ টাকার ।

১৯৮৭, ১৯৮৮, ২০১২,২০১৪ সালে বন্যা, ২০০০, ২০১২ সালের নদী ভাঙ্গন ২০০৫, সালে কাল বৈশাখিঝড়, ২০০৫, ২০০৮, ২০০৯, ২০১০, ২০১১, ২০১২ ও ২০১৩ সালে খরা ও ২০০৩, ২০০৪, ২০০৯, ২০১১ ও ২০১২ সালে শৈত্য প্রবাহ এতে মানুষের ঘরবাড়ি নষ্ট হয়, অবআঠামো নষ্ট হয়, ফসল নষ্ট হয়, যাতায়তের কষ্ট হয়, মানুষ ও গবাদিপশু মারা যায়, নিরাপদ পানির সমস্যা হয় ও মানুষ আশ্রয়হীন হয়।

দুর্যোগের নাম	বছর	ক্ষতির পরিমাণ	কোন্ কোন্ খাত/উপাদানক্ষতিগ্রস্থ হয়
বন্যা	১৯৮৮	৯৫,০০০০০/-	ফসল, গাছপালা,ঘরবাড়ী, রাস্তাঘাট, গবাদীপশু পাখি বিভিন্ন অবকাঠামো ইত্যাদি।
বন্যা	১৯৮৭	৭৯,৭৫০০০/-	ফসল, গাছপালা,ঘরবাড়ী, রাস্তাঘাট, গবাদীপশু পাখি বিভিন্ন অবকাঠামো ইত্যাদি।
বন্যা	২০১২	৫৫,০০০০০/-	ফসল, গাছপালা,ঘরবাড়ী, রাস্তাঘাট, গবাদীপশু পাখি বিভিন্ন অবকাঠামো ইত্যাদি।
নদী ভাঙ্গন	২০১২	৮৯,০০০০	আবাদী জমি, বসত ভিটা, ফসল, গাছপালা, ঘরবাড়ী, রাস্তাঘাট, গবাদীপশু পাখি বিভিন্ন অবকাঠামো ইত্যাদি।
কালবৈশাখীঝড়	২০১১	২৫,০০০০০/-	ফসল, গাছপালা,ঘরবাড়ী, রাস্তাঘাট, গবাদীপশু পাখি বিভিন্ন অবকাঠামো ইত্যাদি।

২.২ ইউনিয়নের আপদ সমুহ

উপজেলায় এবং ইউনিয়নের আপদ সমুহ

ক্রমিক নং	আপদ	ক্রমিক নং	অগ্রাধিকার
০১	নদীভাঙ্গন	০১	বন্যা
০২	বন্যা	০২	নদীভাঙ্গন
০৩	খরা	০৩	কালবৈশাখী ঝড়
০৪	ঘুণিঝড়	০৪	খরা
০৫	কালবৈশাখী ঝড়	০৫	শৈত প্রবাহ
০৬	শৈত্য প্রবাহ		

২.৩ বিভিন্ন আপদ ও তার বর্তমান ও ভবিষ্যৎ চিত্রবিস্তারিত বর্ননাঃ

১. বন্যাঃ ব্যাপক মাত্রায় একটি বন্যা কবলিত এলাকা ফুলছড়ি উপজেলা। আষাঢ়, শ্রাবন, ভাদ্র ও আশ্বিন মাসে ঘটে। যার ফলে কৃষি ফসল, অবকাঠামো, গাছপালা, মৎস, আবাসন, ও শিক্ষা যোগাযোগ ইত্যাদির ক্ষেত্রে ব্যাপকহারে ক্ষতি সাধিত হয়। । প্রতি বৎসর বন্যা হলেও ১৯৮৭, ১৯৮৮ ও ২০১২ সালের বন্যা ছিল সবচেয়ে ব্যাপক।

২.নদী ভাঙ্গনঃ ফুলছড়ি উপজেলাটি একটি নদী বেষ্টিত উপজেলা। আষাঢ়, শ্রাবন, ও ভাদ্র মাসে নদী ভাঙ্গন হয়ে থাকে। যার ফলে কৃষি ফসল, অবকাঠামো, গাছপালা, আবাসন, মৎস ও শিক্ষা যোগাযোগ ইত্যাদির ক্ষেত্রে ব্যাপকহারে ক্ষতি হয়। আবাদি জমির পরিমান আনেক কমে গেছে । প্রতি বৎসর কমবেশি, নদী ভাঙ্গন হয়ে থাকে। তবে ২০০০, ২০১২ সালের নদী ভাঙ্গন ছিল সবচেয়ে ব্যাপক।

৩. কালবৈশাখী ঝড়ঃ মাঝে মাঝে ফুলছড়ি উপজেলায় কালবৈশাখি ঝড় আঘাত আনে। বৈশাখ জৈষ্ঠ্য মাসে কালবৈশাখি ঝড় আঘাত হানে। কালবৈশাখি ঝড়ে এলাকার কৃষি ফসল, ঘরবাড়ি, রাস্তাঘাট, শিক্ষা প্রতিষ্ঠান ও গাছপালার ব্যপক ক্ষতি সাধন হয়।এর মধ্যে ২০০৩, ২০০৯, ২০০৮, ২০১১ ও ২০১২ সালের কালবৈশাখি ঝড়ে এলাকার ব্যপক ক্ষতি হয়।

৪. খরাঃ মাঝে মাঝে এই ফুলছড়ি উপজেলায় খরা প্রকট আকার ধারন করে। খরা সাধারনত ফাল্গুন-চৈত্র ও বৈশাখ মাসে হয়। খরার ফলে বৃষ্টিপাত হয় না তাপমাত্রা বেড়ে যায় এতে মানুষের কষ্ট বাড়ে, ফসলের ক্ষতি হয়, খাল বিল শুকিয়ে যায় ও মানুষ ও গৃহপালিত পশু অনেক সময় খাদ্যের অভানব মারা যায়। ২০০৩, ২০০৮, ২০০৯, ২০১০, ২০১১ ও ২০১৩ সালের খরায় এই এলাকায় সবচেয়ে বেশী ক্ষতি হয়।

৫. শৈত্য প্রবাহঃ মাঝে মাঝে ফুলছড়ি উপজেলায় শৈত্য প্রবাহ প্রকট আকার ধারন করে। শৈত্য প্রবাহ সাধারনত পৌষ-মাঘ মাসে হয়। শৈত্য প্রবাহের ফলে মানুষের কষ্ট বাড়ে, ফসলের ক্ষতি হয় ও মানুষ ও গৃহপালিত পশু মারা যায়। এর মধ্যে ২০০৩, ২০০৪, ২০০৯, ২০১১ ও ২০১২ সালের শৈত্য প্রবাহে এই এলাকায় সবচেয়ে বেশী ক্ষতি হয়।

২.৪ বিপদাপন্নতা ও সক্ষমতাঃ

বিপদাপন্নতা বলতে বোঝায় বস্তুগত, আর্থ-সামাজিক এবং পরিবেশগত বিদ্যমান অবস্থা, যা দুর্যোগের ক্ষয়ক্ষতির ইঙ্গিত দেয় এবং যা মোকাবিলা করায় জনগোষ্ঠি অসমর্থ হয়ে থাকে। সক্ষমতা হলো প্রাকৃতিক, সামাজিক, অর্থনৈতিক, পরিবেশ ইত্যাদির সমন্বয়ে সৃষ্ট সামগ্রিক অবস্থা বা পন্থা, যা মানুষ বা কোন সংস্থা/ প্রতিষ্ঠান তার বিদ্যমান সম্পদের ব্যবহারের মাধ্যমে দুর্যোগের প্রতিকলূ অবস্থার সর্বোচ্চ মোকাবিলা করে এবং দুর্যোগের ফলাফলের ভয়াবহতাকে হ্রাস করে।

আপদ	বিপদাপন্ন	সক্ষমতা
১. বন্যা	❖ বন্যায় ফসলের ক্ষতি হয়। ❖ যোগাযোগের কষ্ট হয়। ❖ ফুলছড়ি উপজেলার এরেন্ডাবাড়ী, ফজলুপুর, ফুলছড়ি, উড়িয়া ইউনিয়নের কবরস্থান ডুবে যায়। ❖ বন্যার সময় শিশু প্রতিবন্ধি, গর্ভবতী, বয়স্করা বেশি ঝুকিতে থাকে।	❖ ফুলছড়ি উপজেলার এরেন্ডাবাড়ী, ফজলুপুর, ফুলছড়ি, উড়িয়া ইউনিয়নের আশ্রয়কেন্দ্র আছে। ❖ কবরস্থান উচু আছে। ❖ বন্যার সময় শিশু, প্রতিবন্ধি বয়স্কদের ক্ষেত্রে বিভিন্ন সংস্থার মাধ্যমে সচেতনতা মূলক প্রোগ্রাম করা হয়।
২. নদীভাঙ্গন	❖ বাসস্থানের ক্ষতি হয়। ❖ আবাদী জমি নষ্ট হয়। ❖ রাস্তাঘাট ভেঙ্গে যায়।	❖ উপজেলায় নদীভাঙ্গন রোধে টি-বাঁধ আছে। ❖ পানি উন্নয়ন বোড নদী ভাঙ্গন রোধে পদক্ষেপ গ্রহন করেন।
৩. কালবৈশাখী ঝড়	❖ ঝড়ে গাছপালার ক্ষতি হয়। ❖ ঘরবাড়ি নষ্ট হয়।	❖ উপজেলা বনবিভাগ হইতে বেশি বেশি করে বনায়ন সৃষ্টি করা ❖ পূর্ব প্রস্তুতি হিসেবে কাচাঘর গুলোতে শক্ত খুটি লেগে মেরামত করা হয়।
৪. খরা	❖ ফসল পুড়ে যায়। ❖ গাছপালার ক্ষতি হয়।	❖ পর্যাপ্ত সেচ ব্যবস্থা আছে।
৫. শৈত প্রবাহ	❖ ফসলের ক্ষতি হয়। ❖ গাছপালার ক্ষতি হয়। ❖ জীবন যাত্রার ব্যহত হয়।	❖ শৈত প্রবাহ একটি জলবায়ু পরিবর্তনের প্রভাব। যার কারনে বেশি বেশি বনায়নের সৃষ্টি করা হচ্ছে। ❖ উপজেলায় শৈত প্রবাহ মোকাবেলায় শীত বস্ত্রের ব্যবস্থা আছে।

২.৫ সর্বাধিক বিপদাপন্ন এলাকা

আপদ	সর্বাধিক বিপদাপন্ন এলাকা	বিপদাপন্নের কারণ	বিপদাপন্নজনসংখ্যা
বন্যা	এরেন্ডাবাড়ী ফজলুপুর, ফুলছড়ি, উড়িয়া, গজারিয়া, , উদাখালী, কঞ্চিপাড়া	নদীর উপকহলবর্তী এলাকা,নীচু ও চর এলাকা	৭৭৯৯৫
নদীভাঙ্গন	গজাড়িয়া, উড়িয়া, কঞ্চিপাড়া,	নদীর উপকুলবর্তী এলাকা।	৩৯৫২০
কালবৈশাখী ঝড়	ফজলুপূর, উড়িয়া, ফুলছড়ি, গজারিয়া, এরেন্ডাবাড়ী, উদাখালী, কঞ্চিপাড়া	জলবায়ু পরিবর্তন, মৌসুমী বায়ুর প্রভাবে	৩৫,২৫০
খরা	ফজলুপূর, উড়িয়া, ফুলছড়ি, গজারিয়া, এরেন্ডাবাড়ী, উদাখালী , কঞ্চিপাড়া	জলবায়ুর পরিবর্তন, গাছপালা কমে যাওয়া	৩০,০০০
শৈত প্রবাহ	ফজলুপূর, উড়িয়া, ফুলছড়ি, গজারিয়া, এরেন্ডাবাড়ী, উদাখালী , কঞ্চিপাড়া	জলবায়ুর পরিবর্তন, গাছপালা কমে যাওয়া	২৯০০০

২.৬ উন্নয়ন পরিকল্পনার প্রধান খাতসমুহ

উদ্দেশ্য অর্জনের জন্য প্রয়োজনীয় কাজের ব্যাপারে অতীত ও বর্তমান অবস্থা সম্বন্ধে তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ করে এবং ভবিষ্যতের পূর্বাভাস ঠিক করে কর্মপন্থা ঠিক করার প্রক্রিয়ার ফল হচ্ছে উন্নয়ন পরিকল্পনা।

প্রধান খাত সমুহ	বিসস্মারিত বর্ননা	দুর্যোগ ঝুকি হ্রাসের সাতে সমন্বয়
কৃষি	▪ ফুলছড়ি উপজেলায় ১৯৮৮ সালের মত বন্যা হলে ফজলুপূর, উড়িয়া, ফুলছড়ি, গজারিয়া, এরেন্ডাবাড়ী, উদাখালীর মোট **২২০৪০** একর আবাদী জমির মধ্যে ৫৮৭০ একর জমির (আমন ধান, রবিশষ্য, শাক সবজি) ফসল চাষের ব্যপক ক্ষতি হতে পারে। ▪ ফুলছড়ি উপজেলায় ২০১২ সালের মত নদী ভাঙ্গন হলে গজাড়িয়া, উড়িয়া, কঞ্চিপাড়া, ইউনিয়নের মোট **১০৯৮৪** একর ফসলী জমির মধ্যে ৩৮০০ একর জমির ফসলের ব্যাপক ক্ষতি হবে এবং ২৫৪ জমি নদী গর্ভে বিলিন হয়ে যেতে পারে । ▪ ফুলছড়ি উপজেলায় ২০১১ সালের মত **কাল বৈশাখী** ঝড় আঘাত হানলে উড়িয়া, ফুলছড়ি, গজারিয়া, এরেন্ডাবাড়ী, উদাখালী, কঞ্চিপাড়া, ফজলুপুর **২৬১৬১** একর জমির মধ্যে ৩৫৮৯ একর জমির (আমন ধান, রবিশষ্য, কুল, পেয়ারা , শাক সবজি) ফসল চাষের ব্যপক ক্ষতি হতে পারে। ▪ ফুলছড়ি উপজেলায় ২০০৯ সালের মত **শৈত প্রবাহ** হলে মোট আবাদী জমির মধ্যে ৩৫২১ একর জমির ফসল চাষের ব্যাপক ক্ষতি হতে পারে। ▪ ফুলছড়ি উপজেলায় **খরার** কারণে ২৬১৬১ একর জমির মধ্যে ৩৫০৪ একর জমির ফসল চাষের ব্যাপক ক্ষতি হতে পারে।	• **আমন ধানের চারা উৎপাদনে বৃষ্টির পানি ব্যবহার করা** • **কলমের ফল গাছ (রুট কাটিং/খাসিকরণ) সরবরাহ** • **জমিতে জৈব সার ব্যবহার করা** • কালবৈশাখী ঝড়ের **পূর্বে খাড়া ধান গাছ (পাকা) মাটির সাথে চাপা দেওয়া** • বন্যার পুর্বে **ভেড়ী-বাঁধ শক্ত ও মজবুত করা ও পানি নিষ্কাশন ব্যবস্থা (ড্রেন)** উন্নয়ন করা । ▪ খরার পুর্বে **খাল খনন ও সেচ ব্যবস্থা নিশ্চিত করা।** ▪ নদীগুলোতে যাতে পানি থাকে এর জন্য শুকনো মৌসুমে খনন করতে হবে।
মৎস্য	▪ ফুলছড়ি উপজেলাতে **বন্যার** কারণে ফজলুপুর, উড়িয়া, ফুলছড়ি, গজারিয়া, এরেন্ডাবাড়ী, উদাখালী, কঞ্চিপাড়া ইউনিয়নের মোট ৮২৫ টি পুকুরের মধ্যে ছোট-বড় ২১৯ টি পুকুরের বিভিন্ন জাতের মাছের ক্ষতি হতে পারে। ▪ **শৈতপ্রবাহের** কারনে সকল ইউনিয়নের ছোট, বড় ৮২৫ টি পুকুরের প্রায় ২০,০০০০০/- টাকার মাছ মারা যেতে পারে ।	▪ পুকুরের **পাড় মজবুত করা-** ▪ **বাঁধ মেরামত ও তৈরী করা** ▪ **মৎস্যচাষীদের জন্য প্রশিক্ষনের ব্যবস্থা করা** ▪ **প্রতিবছর** পুকুর সেচ দিয়ে **কাঁদা কালো হলে ব্লিচিং পাউডার প্রয়োগ, ঘেরের বাঁধ উচু করা** ▪ ৩ **স্তর বিশিষ্ট মৎস্য চাষ করা** ▪ **ক্ষতিগ্রস্থ দরিদ্র মৎস্যচাষীদের জন্য সহায়তা প্রদান করা মাছের বাজার উন্নতকরন**
পশুসম্পদ	▪ ফুলছড়ি উপজেলাতে ১৯৮৮ সালের **বন্যা** হলে ৪২৫০ টি গরু, ৫৬৩১ টি ছাগল, ৩২১০ টি ভেড়া, ২৫টি মহিষ, ৫২৪১ টি হাঁস , ৯২৫৭টি মুরগী, বিভিন্ন রোগে, আক্রান্ত হয়ে আথবা ভেসে গিয়ে মারা যেতে পারে। যাতে করে এলাকার প্রতিটি পরিবার ক্ষতি হওয়া সহ প্রাকৃতিক সৌন্দর্য্য বিনষ্ট হওয়ার সম্ভাবনা রয়েছে।	▪ **মাটির কিল্লা নির্মান করা** ▪ **সরকারী পতিত জমিতে গবাদি পশুর চরনভুমি তৈরি করা** ▪ **পশুরখাদ্য তৈরি করার জন্য মিল তৈরি করার জন্য উদ্বুত করা** ▪ **পশাপশি জমিতে একত্রে পাতি হাঁস, মৎস্য, সবজি চাষ করা** ▪ **আপদ সহনশীল সংকর জাতীয় পশুপাখি চাষে উদ্বুত করা** ▪ **পশুর টিকা সরবারহ নিশ্চিত করা**

স্বাস্থ্য	▪ ফুলছড়ি উপজেলায় ১৯৮৮ সালের মত **বন্যা** হলে মোট জনসংখ্যা **১৬৫৩৩৪** এর মধ্যে ৬% লোক ডায়েরিয়া, ১০% লোক আমাশয় ২% টাইফয়েট ৪% লোকের জন্ডিস ৬% লোকের ডায়েরিয়া জনিত এবং ৬% লোক চর্ম রোগে আক্রান্ত হওয়া সহ অকালে মারা যেতে পারে। যার ফলে উপজেলার পতিটি পরিবার বিভিন্নভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে। ▪ ফুলছড়ি উপজেলায় ২০০৯ সালের মত **শৈতপ্রবাহ** হলে মোট জনসংখ্যার মধ্যে ২% লোক ডায়েরিয়া, ২% লোক আমাশয় ১% টাইফয়েট ১% লোকের জন্ডিস ৫% লোকের ডায়রিয়া জনিত এবং ৩% লোক চর্ম রোগে আক্রান্ত হওয়ার সম্বাভবনা রয়েছে ।	▪ স্বাস্থ্য বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা ▪ দুর্যোগে স্বস্থ্যের ঝুকি বিষয়ে ডাক্তারদের জন্য প্রশিক্ষনের ব্যবস্থা করা ▪ ইউনিয়ন পর্যায়ে স্বস্থ্যকেন্দ্র ও কমেনিটি ক্লিনিকের সেবার মান বৃদ্ধি করা ▪ প্রাথমিক চিকিৎসার প্রয়োজনিয় ওষধ সরবারহ নিশ্চিত করা ▪ বিশুদ্ধ খাবার পানির ব্যবস্থা করা ▪ দুর্যোগের কারনে পঙ্গু ব্যক্তিদের পুর্নবাসনের ব্যবস্থা করা ▪ পর্যাপ্ত টিকা ও প্রতিষেধকের ব্যবস্থা করা
জীবিকা	▪ ফুলছড়ি উপজেলায় মোটামুটি ৫ ধরনের জীবিকার লোক আছে। যথা-কৃষিজীবী, মৎস্যজীবী, ক্ষুদ্র ও মাঝারী ব্যবসায়ী, শ্রমিক ও চাকুরীজীবি। ঝড় বা বন্যার কারনে কৃষিজীবী ৪০ % মৎস্যজীবী ১০% ক্ষুদ্র ও মাঝারী ব্যবসায়ী ৪০% শ্রমিক ও চাকুরীজীবি ১০ % প্রত্যক্ষ এবং পরোক্ষ ভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।	▪ **টেকসই বিকল্প জীবিকা সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান ।** ▪ **টেকসই বিকল্প জীবিকা সৃষ্টি করা** ▪ **মহিলাদের জন্য বসতবাড়ীতে আয়ের ব্যবস্থা করা** ▪ **স্থানীয় সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে জীবিকা** ▪ **জনগোষ্টি ভিত্তিক বনায়ন সৃষ্টি করা** ▪ **সমাজিক খাদ্য নিরাপত্তা ব্যবস্থা বৃদ্ধি করা** ▪ **বিপদাপন্ন জনগোষ্টির জীবিকা নিশ্চিত করার জন্য সহায়তা প্রদান করা**
গাছপালা	▪ ফুলছড়ি উপজেলাতে ১৯৮৮ সালের মত বন্যা হলে ৫৪২০টি ফলজ গাছ ২১৫০ ঔষধী গাছ সহ ৫০ টি নার্সারীর চারাগাছের ক্ষতি হতে পারে। ▪ ফুলছড়ি উপজেলাতে ২০১১ সালের মত **কালবৈশাখী ঝড়** হলে ২৫০ টি ফলজ গাছ, ৩০০ টি ঔষধী গাছ সহ ৪০ টি নার্সারীর চারাগাছের ক্ষতি হতে পারে।	▪ **রাস্তা ও বেড়ী বাঁধের দুই পাশে বৃক্ষ রোপণ করা;** ▪ **বাড়ির আশে পাশে বৃক্ষ রোপণ করার জন্য জনগণকে উৎসাহিত করন।** ▪ **প্যারাবন সৃষ্টি করা;** ▪ **পরিবেশ বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা;** ▪ **অবৈধভাবে গাছ কাটা নিয়ন্ত্রণ করার জন্য আইনগত ব্যবস্থা গ্রহণ ও প্রয়োগ করা।** ▪ **বসত বাড়ীর ভিটা উচু করতে হবে। সাথে সাথে চারা রোপন করার জন্য মাটির মাদা তৈরী** (১.৫-২ **ফুট ব্যাসের) ও উচু করতে হবে** ▪ **নিচু জমিতে বড়গাছ যেমন - ছইলা, কাকড়া ও কেওড়া গাছ লাগাতে হবে।** ▪ **মাটির আদ্রতা রক্ষার জন্য গাছের গোড়ায় মাদা তৈরী করতে হবে। যা খরার সময় বাষ্পিভবন রোধ করবে।** ▪ **ঝড়ের ঝুঁকি হ্রাস করার জন্য বসতবড়ীর চারপাশে গুল্ম জাতিয় গাছ বেশী করে লাগাতে হবে। সাথে সাথে ফলদ গাছের চারা শক্ত খুটি দিয়ে বাঁধতে হবে।**
অবকাঠামো	▪ ফুলছড়ি উপজেলায় ১৯৮৮ সালের মত **বন্যা** হলে ৩০টি প্রাথমিক বিদ্যালয়, ১০টি মাধ্যমিক বিদ্যালয়, ৮টি মাদ্রাসা, ২০টি মসজিদ, ও সরকারী, বেসরকারী অফিস সহ ১টি স্বাস্থ্য কেন্দ্র, ৪টি ক্লিনিক, ২০টি কালভার্ট, ১৫টি ব্রীজ, ১৫ কিলোমিটার পাকা রাস্তা, ১০ কিলোমিটার কাঁচা রাস্তা বন্যার পানিতে তলিয়ে গিয়ে আংশিক বা সম্পুর্ন বিনষ্ট হতে পারে।	▪ রাস্তা উচু ও পাকা করা ▪ *বেড়িবাধ নির্মাণ ও সংস্কার করা;* ▪ প্রয়োজনীয় কালভার্ট ও ব্রীজ নির্মাণ করা ▪ স্লুইজগেট নির্মান করা ▪ অবকাঠামো স্থাপনার চারিদিকে, রাস্তা ও খালসমূহের দুই ধারে বৃক্ষ রোপণ করা; ▪ চর এলাকার বসত ভিটা উচু করা।

	▪ ফুলছড়ি উপজেলায় ২০১১ সালের মত **কালবৈশাখী ঝড়** হলে ৩ টি প্রাথমিক বিদ্যালয়, ২ টি মাধ্যমিক বিদ্যালয়, ৩ টি মাদ্রাসা, ৫ টি মসজিদ, ও সরকারী, বেসরকারী অফিস আংশিক ধবংস অথবা সম্পুর্ণ ধবংস হওয়ার সম্ভাবনা রয়েছে।	
ঘড়বাড়ী	• ফুলছড়ি উপজেলায় ১৯৮৮ সালের মত **বন্যা** হলে ৫৮০ টি কাঁচা ঘর , ৫৫ টি পাকা ঘর বন্যার পানিতে তলিয়ে গিয়ে আংশিক বা সম্পুর্ন বিনষ্ট হতে পারে। • ফুলছড়ি উপজেলায় ২০১১ সালের মত **কালবৈশাখী ঝড়** হলে ১২৮ টি কাঁচা ঘর , ১৫ টি পাকা আংশিক ধবংস অথবা সম্পুর্ণ ধবংস হওয়ার সম্ভাবনা রয়েছে।	• বসত বাড়িসহ বিভিন্ন স্থাপনা উপকুল হতে দুরে ও উঁচু স্থানে মজবুতভাবে নির্মাণ করা; • দুর্যোগ সহনশীল বাড়ী নির্মান করা • দুর্যোগ সহনশীল বাড়ী নির্মান করার জন্য সুদমুক্ত ঋনের ব্যবস্থা করা • *বেড়িবাধ নির্মাণ ও সংস্কার করা;* • বসত বাড়িসহ বিভিন্ন স্থাপনার চারিদিকে, রাস্তা ও খালসমূহের দুই ধারে বৃক্ষ রোপণ করা;
স্যানিটেশন	▪ ফুলছড়ি উপজেলায় ১৯৮৮ সালের মত **বন্যা** হলে ১৩০০ টি কাঁচা ২০০ টি আধাপাকা পায়খানা আংশিক কিংবা সম্পুর্ন বিনষ্ট হতে পারে। ▪ ১৫ টি সংরক্ষিত পুকুরের পানি আংশিক কিংবা সম্পুর্ন বিনষ্ট হতে পারে।	• **স্যানিটেশন বিষয়ে সচেতনতা বাড়ানো** • **পকুর খনন ও সংরক্ষিত পুকুর পুন:খনন** • **পর্যাপ্ত পন্ড স্যান্ড ফিল্টার ও রেইন ওয়াটার হারভেস্টার স্থাপন করা ,** • **দুর্যোগ সহনশীল ও স্বাস্থ্যসম্মত পায়খানা নির্মাণ করা** • **পানি ও পয়:নিষ্কাশন ব্যবস্থা নিশ্চিত করে পর্যাপ্ত সাইক্লোন সেল্টার নির্মাণ করা**

২.৭ সামাজিক মানচিত্র



২.৮ আপদ ও ঝুঁকি মানচিত্র



২.৯ আপদের মৌসুমী দিনপুঞ্জি

ক্রঃ নং	জীবিকাসমূহ	বৈশাখ	জৈষ্ঠ্য	আষাঢ়	শ্রাবন	ভাদ্র	আশ্বিন	কার্তিক	অগ্রাহায়ন	পৌষ	মাঘ	ফাল্গুন	চৈত্র
০১	বন্যা												
০২	নদীভাংগন												
০৩	কালবৈশাখী ঝড়												
০৪	খরা												
০৫	শৈত্য প্রবাহ												

দিনপুঞ্জি বিশ্লেষণ

আপদগুলো এই এলাকাতে বছরের বারো মাসের মধ্যে কোন্ কোন্ মাসে সংগঠিত হয় এবং কোন্ কোন্ মাসে এর প্রভাব বেশি বা কম থাকে তা রেখাচিত্রের মাধ্যমে মৌসুমী দিনপুঞ্জিতে দেখানো হয়েছে। কাজের অংশ হিসেবে অংশগ্রহণকারীদের সাথে আলোচনার মাধ্যামে জানা যায়:

- ফুলছড়ি **উপজেলার** ফজলুপূর, উড়িয়া, ফুলছড়ি, গজারিয়া, এরেন্ডাবাড়ী, উদাখালী, কঞ্চিপাড়া সকল **ইউনিয়নে কম বেশী বন্যা হয়** । তারমধ্যে ফজলুপূর, উড়িয়া, ফুলছড়ি ইউনিয়নে বন্যায় ক্ষয় ক্ষতি বেশি হয়, জৈষ্ঠ্য **থেকে আশ্বিন মাস পর্যন্ত বন্যার প্রোকপ দেখা যায়।**
- ফুলছড়ি **উপজেলায়** ফজলুপূর, উড়িয়া, ফুলছড়ি,এই তিনটি উপজেলায় প্রতি বছরই কম বেশি জৈষ্ঠ্য থেকে কাতিক মাসে সাধারনত নদী ভাঙ্গন হয়ে থাকে।
- **কালবৈশাখী ঝড় আর একটি মারাত্মক আপদ। কালবৈশাখী ঝড় এই এলাকার ঘরবাড়ি, জমির ফসল ও গাছপালার ব্যাপক ক্ষতি করে। কালবৈশাখী ঝড় সাধারনত ,বৈশাখ, জৈষ্ঠ্য , মাস থেকে আষাড়, মাসের মাঝামাঝি সময়ের মধ্যে ঘটে থাকে।**
- ফুলছড়ি **উপজেলার খরা সংঘঠিত আপদের মধ্যে একটি। খরার কারণে এখানকার অনেক ফসল সেচের অভাবে নষ্ট হচ্ছে। আবার যেগুলো কোনো মতে হচ্ছে তাতেও পর্যাপ্ত পানির অভাবে ফলন কমে যাচ্ছে। আবার এই খরার কারণে সংরক্ষিত পুকুরের পানি শুকিয়ে যাওয়ায় এবং ভূগর্ভস্থ পানির স্তর নিচের দিকে নেমে যাওয়ায় দেখা দিচ্ছে পানীয় জলের চরম সংকট। ফাল্গুন থেকে চৈত্র মাস পর্যন্ত এই এলাকাতে খরা দেখা যায়।**
- **গাইবান্ধা জেলায় শৈত্য প্রবাহের প্রকোপ খুব বেশী। অগ্রাহায়ন, পৌষ, মাঘ মাষে সাধারনত শৈত্য প্রবাহ প্রবাহিত হয়। শৈত্য প্রবাহের ফলে মানুষ , গবাদী পশুপাখি গাছপালা এবং ফসলের ব্যপক ক্ষতি হয়।**

২.১০ জীবিকার মৌসুমী দিনপুঞ্জি

ক্রঃ	জীবিকাসমূহ	বৈশাখ	জৈষ্ঠ্য	আষাঢ়	শ্রাবন	ভাদ্র	আশ্বিন	কার্তিক	অগ্রাহায়ন	পৌষ	মাঘ	ফাল্গুন	চৈত্র
০১	কৃষক												
০২	মৎসজীবি												
০৩	দিনমজুর												
০৪	ব্যবসায়ী												

কৃষক ০ঃ কৃষকদের ক্ষেত্রে জৈষ্ঠ্য থেকে আষাঢ় মাস পর্যন্ত বোর ধান লাগানোর কাজে ব্যস্ত থাকে এবং শ্রাবন, ভাদ্র, আশ্বিন মাস পর্যন্ত তাদের কোন কাজ থাকে না কার্তিক এর মাঝামাঝি থেকে অগ্রাহায়ন মাসে তারা ধান মারাই করার কাজে ব্যস্ত থাকতে হয় এবং মাঘ ফাল্গুন মাসে ইরি লাগানো কাজে ব্যস্ত হয়ে পড়ে।

মৎসজীবি ০ঃ জৈষ্ঠ্য আষাঢ় মাসে পুকুরে মাছ চাষ করা হয়। শ্রাবন ও ভাদ্র মাসে বন্যার আশংকা থাকে বন্যার কবল থেকে মাছের বাচ্চার জন্য পূর্ব প্রস্তুতি রাখতে হয়। পৌষ মাঘ মাসে পানির স্তর নিচে যেতে থাকে যার কারনে মাছের বৃদ্ধি কম হয় এবং কম সময়ে মাছ বিক্রি করতে হয়। যার কারনে তাদের জীবিকার খানিকটা প্রভাব পড়ে।

দিনমজুর ০ঃ জৈষ্ঠ্য আষাঢ় মাসে এই এলাকায় ইরি ধান কাটার কাজ করে কার্তিক মাস পর্যন্ত তাদেরকে বসে থাকতে হয় যার ফলে তাদের চার মাস এলাকার বাইরে কাজের সন্ধানে যেতে হয়।

ব্যবসায়ী ০ঃ ব্যবসায়ীদের ক্ষেত্রে বৈশাখ জৈষ্ঠ্য আষাঢ় কার্তিক অগ্রাহায়ন পৌষ এই ছয় মাস পর্যন্ত ব্যবসা ভাল চললেও বাকী ছয় মাস এলাকায় কাজ না থাকায় এবং লোক জনের আয় কমে যাওয়ায় ব্যবসায় বেচা কেনা অনেকাংশে কমে যায়।

২.১১ জীবন এবং জীবিকা সম্পর্কিত বিপদাপন্নতা

ক্রমিক নং	জীবিকাসমূহ	আপদ/দুর্যোগ সমূহ				
		বন্যা	নদীভাঙ্গন	শৈত প্রবাহ	খরা	কালবৈশাখী ঝড়
০১	কৃষক					
০২	মৎসজীবি					
০৩	দিনমজুর					
০৪	ব্যবসায়ী					

বন্যা ০ঃ বন্যায় কৃষি ফসল ব্যাপকভাবে নষ্ট হয়। শুধুমাত্র কৃষিনির্ভর জনগণের আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হয়। দরিদ্র কৃষক ও দিনমজুরদের কাচা ঘর-বাড়ি বন্যায় ক্ষতি হলে ঘর-বাড়ি মেরামতের জন্য অতিরিক্ত অর্থের প্রয়োজন হয়। এই অর্থ যোগান দরিদ্রদের জন্য কষ্টসাধ্য হয়ে পড়ে। বন্যায় পুকুরের মাছ ও পোনা ভেসে যায়। এত মৎস্যচাষীদের ক্ষতি হয়। বন্যার কারণে দিমজুররা কাজ পায়না ফলে অর্থনৈতিকভাবে কষ্টে দিন কাটে। ব্যাবসায়ীদের ব্যবসার দ্রব্য-সামগ্রী বন্যার পানিতে ক্ষতি-গ্রস্থ হয় এতে ব্যবসায়ীর ব্যবসার ক্ষতি হয়। এছাড়া বেচা-কেনা কম হয়। ফরে ব্যবসায়ীদের আর্থিক ক্ষতির সম্মুখিন হয়।

নদীভাঙ্গন ০ঃ নদী ভাঙ্গনে আবাদী জমিসহ ঘর-বাড়ি রাস্তা-ঘাট, বিভিন্ন প্রতিষ্ঠান যেমন শিক্ষা প্রতিষ্ঠান নদী গর্ভে বিলিন হয়ে যায়। দরিদ্র মানুষ ঘর-বাড়ী জায়গা-জমি হারিয়ে সহায় সম্বলহীন হয়ে পড়ে। সরকারী পর্যায়েও আর্থিক ক্ষতির সম্মুখিন হয়। কারণ সরকারকে আবার নদী গর্ভে বিলিন হওয়া প্রতিষ্ঠান পুনঃপ্রতিষ্ঠার দরকার হয়।

কাল বৈশাখী ঝড় ০ঃ কালবৈশাখী ঝড়ে ঘর-বাড়ি, গাছ-পালাসহ ফসলের ক্ষতি হয়। নতুন করে ঘর তৈরী ও মেরামত করতে হয়। ফসল নষ্ট হয়ে যাওয়া ফলনের ঘাটতি পড়ে। বিভিন্ন সরকারী ও বেসরকারী অবকাঠামো পুনঃ নির্মাণ করা দরকার হয়।

খরা ০ঃ খরায় ফসলসহ গাছ-পলা, সবজি মরে যায়। ফলে অর্থনৈতিকভাবে সকলেই ক্ষতিগ্রস্থ হয়।

শৈত প্রবাহ ০ঃ শৈত্য প্রবাহে কৃষি ফসলের ক্ষতি হয়। ফলে কৃষক আর্থিক সংকটে দিন জাপন করে। এছাড়া এসময়ে দিনমজুরের কাজের অভাব দেখা দেয়। এবং শৈত্য প্রবাহের কারণে দিনমজুরাও কাজে যেতে পারেনা। ফলে তারা আর্থিক সংকটে দিন কাটায়।

২.১২ খাত ভিত্তিক আপদ ও ঝুঁকির বর্ননা

উপজেলারনবিপদাপন্ন খাতসমূহচিহ্নিত করণ

আপদসমূহ	বিপদাপন্ন সামাজিক উপদানসমূহ									
	ফসল	গাছপালা	পশু সম্পদ	মৎস সম্পদ	ঘরবাড়ি	রাস্তাঘাট	ব্রীজ কালার্ভাট	শিক্ষা প্রতিষ্ঠান	স্বাস্থ্য	আশ্রয়কেন্দ্র
বন্যা										
নদীভাঙ্গন										
শৈত প্রবাহ										
খরা										
কাল বৈশাখী ঝড়										

বন্যাঃ ফুলছড়ি উপজেলায় ১৯৮৮ সালের মত বন্যা হলে **এরেন্ডাবাড়ী ইউনিয়নের** মোট ৩৯১৪ একর ফসলী জমির মধ্যে ৮৬০ একর জমির আমন চাষের ব্যাপক ক্ষতি হতে পারে। এবং ৮০ একর জমির পাট, ৪৫ একর জমির অন্য শষ্য, বীজতলা, ৫০০ টি বিভিন্ন জাতের ফল গাছ , (যেমনঃ আম, পেয়ারা, আমরা, জলপাই, লিচু, কামরাঙ্গা ইত্যাদি) সহ ২০০ টি ঔষধি গাছে সহ ব্যপক ক্ষতি হতে পারে। ১২৪৫ টি গবাদী পশু, ৫২০ টি বসত বাড়ি , ৪৫ টি অবোকাঠাম ১ কিলোমিটার পাকা রাস্তা, ৭ কিলোমিটার কাঁচা রাস্তা, ৩ টি ব্রীজ, ৬ টি কালভাড, ৫ টি প্রাথমিক বিদ্যালয , ১ টি মাদ্রাসা, ২ টি উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ৭৫০ টি নলকুপ পানিতে তলিয়ে য়েতে পারে । ৫৬০ টি স্বাস্থ্য সম্মত পায়খানা নষ্ট হয়ে যেতে পারে। দূষিত পানির কারনে ডায়রিয়া ৮% লোক। চর্ম রোগ ৩% ও জন্ডিসে ৪ %লোক আক্রান্ত হতে পারে । যার ফলে ২০১০ পরিবার প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ক্ষতিগ্রস্থ হবে।

ফুলছড়ি ইউনিয়নেরঃ আবাদী মোট ৩৮১৯ একর ফসলী জমির মধ্যে ৫৬০ একর জমির আমন চাষের ব্যাপক ক্ষতি হতে পারে। ২৫০ টি গবাদী পশু , ৫৪০ টি বিভিন্ন জাতের ফল গাছ , (যেমনঃ আম, পেয়ারা, আমরা, জলপাই, লিচু, কামরাঙ্গা ইত্যাদি) সহ ২৫০ টি ঔষধি গাছে সহ ব্যপক ক্ষতি হতে পারে। ২০ টি অবোকাঠাম ২টি প্রাথমিক বিদ্যালয , ৬১০ টি বসত বাড়ি , ১৫০ টি স্বাস্থ্য সম্মত পায়খানা নষ্ট হয়ে যেতে পারে। ২৪০ টি নলকুপ পানিতে তলিয়ে যেতে পারে । এবং ৮০ একর জমির পাট, ২০ একর জমির অন্য শষ্য , ১০ টি পুকুরের মাছ চাষ

ব্যহত হবে। দুষিত পানির কারনে ডায়রিয়া ৭% লোক। চর্ম রোগ ২% ও জন্ডিসে ২%লোক আক্রান্ত হতে পারে । যার ফলে ২৯২০ টি পরিবার প্রত্যক্ষ ও পরোক্ষ ভাবে ক্ষতিগ্রস্থ হবে।

ফজলুপুর ইউনিয়নেরঃ ৩৬৮১ একর জমির মধ্যে ৯৫ একর আমন চাষের ব্যাপক ক্ষতি হতে পারে। ৩২০টি গবাদী পশু, ৫২২ বিভিন্ন জাতের ফল গাছ, (যেমনঃ আম, পেয়ারা, আমরা, জলপাই, লিচু, কামরাঙ্গা ইত্যাদি) সহ ১৫০ টি ঔষধি গাছেসহ ব্যপক ক্ষতি হতে পারে। ১৮৫ টি স্বাস্থ্য সম্মত পায়খানা নষ্ট হয়ে যেতে পারে। দুষিত পানির **কারণে** ডায়রিয়া ৫% লোক। চর্ম রোগ ২% ও জন্ডিসে ১ %লোক আক্রান্ত হতে পারে । যার ফলে ৩৫১৫ টি পরিবার প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ক্ষতিগ্রস্থ হবে।

নদী ভাঙ্গনঃ **ফুলছড়ি উপজেলায় নদী ভাঙ্গনের কারণে উরিয়া ইউনিয়নের মোট আবাদী জমির** ২৯০ **একর জমি,** ১৬০ **টি ঔষধী এবং** ২৫০ **টি ফলের গাছ,** ২১০ **টি পশু, পাখি,** ৮**টি পুকুরের মাছ চাষ ব্যহত ও ক্ষতি গ্রস্ত হতে পারে।** ২৬০ **টি কাচা ঘর,** ১৩**টি পাকা ঘর,** ৩ **কিলোমিটার কাচা রাস্তা,** .২ **কিলমিটার পাকা রাস্তা,** ৬ **টি কালভাট,** ১ **টি প্রাথমিক বিদ্যালয়,** ১ **মাদ্রাসা,** ৮০ **টি নলকুব** ৬০ **স্বাস্থ্য সম্মত পায়খানা নদী গর্ভে বিলিন হয়ে যেতে পারে। যার ফলে** ২৬৯ **টি পরিবার প্রত্যক্ষ ও পরোক্ষভাবে** ক্ষতিগ্রস্থ **হতে পারে।**

কঞ্চিপাড়া ইউনিয়নের ঃ মোট ৪১২১ **একর আবাদী জমির মধ্যে** ৪২৭ **একর জমির শষ্য,** ১ **টি প্রাথমিক বিদ্যালয়** ১ **টি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়,** ১ **মাদ্রাসা,** ১**কিলোমিটার পাকা** ২**কিলোমিটার পাকা রাস্তা ,** ১১০ **টি কাচা ঘর ,** ৬০ **টি পাকা ঘর । অসংখ্য ঔষধী এবং ফলের গাছ ,** ২০ **টি পুকুরের মাছ চাষ ব্যহত ও** ক্ষতিগ্রস্থ **হতে পারে।** ৮০ **টি নলকুব** ৬০ **স্বাস্থ্য সম্মত পায়খানা নদী গর্ভে বিলিন হয়ে য়েতে পারে। যার ফলে** ২৩৭ **টি পরিবার প্রত্যক্ষ ও পরোক্ষভাবে** ক্ষতিগ্রস্থ **হতে পারে।**

গজারিয়া ইউনিয়নের ঃ মোট ৩৬১৬ **একর আবাদী জমির মধ্যে** ২১০ **একর জমির শষ্য ,** ১ **টি প্রাথমিক বিদ্যালয়** ২**কিলোমিটার কাচা রাস্তা ,** ২৫০ **টি কাচা ঘর, ঔষধী এবং ফলের গাছ ক্ষতি গ্রস্ত হতে পারে।** ৬৫ **টি নলকুব** ৭৫ **স্বাস্থ্য সম্মত পায়খানা নদী গর্ভে বিলিন হয়ে য়েতে পারে। যার ফলে** ১৬৫ **টি পরিবার প্রত্যক্ষ ও পরোক্ষভাবে** ক্ষতিগ্রস্থ **হতে পারে।**

কালবৈশা**খী ঝড়ঃ** ফুলছড়ি উপজেলায় ঝড়ের **কারণে** কিংবা ২০১১ সালের মত ঝড় হলে ৭৫ একর জমির ইরি ধান ২০ একর জমির সবজি চাষ চাষ ব্যাহত হবে। ২১০ টি কাঁচা ১৫ পাকা ঘর ২ প্রাথমিক বিদ্যালয়, ২ টি মসজিদ ৫ টি মুরগীর খামার, ২১৫৪ টি বিভিন্ন প্রজাতির গাছ ধবংস হয়ে যেতে পারে । ফুলছড়ি উপজেলাতে ২০011 সালের মত কালবৈশাখী ঝড় হলে ২৫০ টি ফলজ গাছ, ৩০০ টি ঔষধী গাছ সহ ৪০ টি নার্সারীর চারাগাছের ক্ষতি হতে পারে।

খরাঃ ফুলছড়ি উপজেলাতে খরার **কারণে** কিংবা ২০১০, সালের মত খরা হলে ফুলছড়ি উপজেলায় মোট ২৬১৬১ একর আবাদী জমির মধ্যে ১২৩৪ একর জমির ইরি ধানের চাষ ব্যাহত হবে, ৭৫ একর জমির পাট চাষ, ৩০ একর জসমর সবজি চাষ, ৬০ একর জমির আলু , ব্যহত হবে। ৬৭৫ ফলজ গাছ এবং ২১৪ ঔষধি গাছ নষ্ট হয়ে যেতে পারে, ৩৪ টি পুকুরের মাছ চাষ ব্যাহত হবে, এবং প্রচন্ড খরার **কারণে** সমস্ত উপজেলাতে ৩ % লোকের ডায়রিয়া, ২% জন্ডিস, ৭% লোকের জ্বর এবং বিভিন্ন ধরনের রোগ হতে পারে। এতে করে ইউনিয়নগুলোর ৩৪৫২ প্রতিটি পরিবার প্রত্যক্ষ ও পরোক্ষভাবে অর্থনৈতিক ক্ষতিগ্রস্থ হবে।

শৈত্যপ্রবাহঃ ফুলছড়ি উপজেলায় ২০০৯ সালের মত **শৈত প্রবাহ** হলে মোট আবাদী জমির মধ্যে ৩৫২১ একর জমির ফসল চাষের ব্যাপক ক্ষতি হতে পারে। শৈত প্রবাহের কারণে সকল ইউনিয়নের ছোট, বড় ৮২৫ টি পুকুরের প্রায় ২০,০০০০/- টাকার মাছ মারা যেতে পারে । ফুলছড়ি উপজেলায় ২০০৯ সালের মত শৈতপ্রবাহ হলে মোট জনসংখ্যার মধ্যে ২% লোক ডায়েরিয়া, ২% লোক আমাশয় ১% টাইফয়েট ১% লোকের জন্ডিস ৫% লোকের ডায়েরিয়া জনিত এবং ৩% লোক চর্ম রোগে আক্রান্ত হওয়ার সম্বাভবনা রয়েছে ।

বিপদাপন্নতা সামাজিক উপাদান	বিপদাপন্নতা নিরসনের উপায়					
	শৈত প্রবাহ	খরা	কালবৈশাখী ঝড়	বন্যা	নদী ভাঙ্গন	ঘুর্নিঝর
ফসল	এলাকার সকল রাস্তার দুই পাশ্বে গাছ লাগাতে হবে।	রাস্তার দুই পার্শ্বে এবং বাড়ির আঙ্গিনায় ও আবাদী জমির আইল দিয়ে বেশী করে গাছ লাগাতে হবে।	রাস্তার দুই পাশ্বে এবং বাড়ির আঙ্গিনায় ও আবাদী জমির আইল দিয়ে বেশী করে গাছ লাগাতে হবে।	বন্যা কবলিত এলাকার নদীর পাশ দিয়ে উচু বাঁধ তৈরী করতে হবে। এবং প্রতিটি নদী খনন করে নদীর গভীরতা বৃদ্বি করতে	পাইলিং এর মাধ্যমে নদীর গতি পথ ঠিক রাখা।	এলাকার সকল রাস্তার দুই পাশ্বে গাছ লাগাতে হবে।

				হবে।		
গাছপালা	অধিক শীত সহনীয় জাতের চারা লাগাতে হবে।	খরা সহনীয় জাতের চারা বপন করতে হবে।	শক্ত মজবুত এবং ঝড় সহনশীল জাতের গাছ লাগাতে হবে।	বন্যা সহনীয় চারাগাছ লাগাতে হবে।	নদী ভাঙ্গন রোধে নদীন শাসণ ও নদী ড্রেজিং অব্যহত রাখতে হবে।	শক্ত মজবুত এবং ঝড় সহনশীল জাতের গাছ লাগাতে হবে।
পশু সম্পদ	পশুদের আশ্রয় কেন্দ্র গুলি শক্ত মজবুত এবং চারপাস দিয়ে বেড়া থাকতে হবে। ঘরের ভিতরে তাপের ব্যবস্থা করতে হবে।	অধিক তাপ/ খরা সহনীয় জাত নির্বাচন করতে হবে।	ঝড়ের সময় পশু সম্পদ নিরাপদ আশ্রয়কেন্দ্রে রাখতে হবে।	বন্যার সময় উচু স্থানে পশু সম্পদ রাখার ব্যবস্থা করতে হবে।	নদী ভাঙ্গানের সময় পশুসম্পদ নিরাপদ স্থানে রাখতে হবে।	ঝড়ের সময় পশু সম্পদ নিরাপদ আশ্রয়কেন্দ্রে রাখতে হবে।
মৎস সম্পদ	পুকুরের চারপাশে অধিক পরিমানে গাছ লাগাতে হবে।	খরার সময় প্রতিটি পুকুরে সেচের মাধ্যমে পানি দিতে হবে।	ঝড় মৎস সম্পদের তেমন কোন ক্ষতি করে না।	বন্যার সময় পুকুরের চার পাশের পার উচু রাখতে হবে ।	নদী ভাঙ্গন এলাকায় কোন স্থায়ী ভাবে মৎস ক্ষেত্র করা যাবে না।	ঝর মৎস সম্পদের তেমন কোন ক্ষতি করে না।
ঘড় বাড়ী	শৈত প্রবাহ শুরুর পুর্বে ঘরবাড়ী ঠিক করতে হবে। এবং বাড়ির চারপাশে বেড়া দিতে হবে।	বাড়িব আসে পাসে অধিক পরিমাণে গাছ লাগাতে হবে।	ঝড়ের পুর্বে ঘর বাড়ি মেরামত করতে হবে।	বন্যা প্রবন এলাকায় বসত ভিটা উচু করে ঘর বাড়ি বানাতে হব।	নদী ভাঙ্গন এলাকায় স্থয়ী বসত বাড়ি করা যাবে না।	ঝড়ের পুর্বে ঘর বাড়ি মেরামত করতে হবে।
রাস্তা ঘাট	শৈত প্রবাহে রাস্তা ঘাটের তেমন কোন ক্ষতি হয়না।	খরায় রাস্তা ঘাটের তেমন কোন ক্ষতি হয়না।	ঝড়ে রাস্তা ঘাটের তেমন কোন ক্ষতি হয়না।	বন্যার পুর্বে রাস্তা ঘাট উচু করতে হবে।	পাইলিং এর মাধ্যমে নদীর গতি পথ ঠিক রাখা।	ঝড়ে রাস্তা ঘাটের তেমন কোন ক্ষতি হয়না।

২.১৩ জলবায়ু পরিবর্তন এবং তার সম্ভব্য প্রভাব

জলবায়ু পরিবতনের ফলে নিম্ন লিখিত খাতসমুহ কি ভাবে ক্ষতি গ্রস্ত হয় তা নিম্নে দেখানো হলঃ

খাত সমুহ	বণনা
